অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের কৃষি ভিত্তিক শিল্পকে শক্তিশালী এবং উন্নত করে তুলতে গভর্নর হোকল উদ্যোগগুলির কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্কের দুগ্ধ শিল্পকে চাঙা করার জন্য স্টেট অফ দ্যা স্টেট প্রস্তাব 55 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে

কর্নেল ইউনিভার্সিটি, NYSDOL, NYS PERB এবং NYS AGM এর সাথে অংশীদারীত্বে কৃষি কর্মীবলের জন্য একটি ওয়ান-স্টপ শপ তৈরি করে

নিউ ইয়র্কের এগ্রিফুড সিস্টেমের অংশ হিসেবে একটি ওয়ান হেলথ অ্যাপ্রোচ চালু করে

ইয়ুথ এগ্রিকালচারাল লিডারশীপ এবং শিক্ষার সুযোগসমূহ বৃদ্ধি করে

নিউ ইয়র্কের বায়োইকোনমি উন্নত করা এবং নিউ ইয়র্কের ব্লু ফুড ট্রান্সফর্মেশন লঞ্চ করা

2024 স্টেট অফ স্টেটের অংশ হিসেবে, নিউ ইয়র্কের দুগ্ধ এবং কৃষি ভিত্তিক শিল্প, কর্মীবল উন্নয়ন কর্মসূচি এবং ইয়ুথ লিডারশীপ এবং শিক্ষার সুবিধাসমূহকে কে চাঙা করতে গভর্নর ক্যাথি হোকল আজ বেশ কয়েকটি বৃহৎ প্রস্তাব ঘোষণা করেছেন। গভর্নর ক্রশ-কাটিং উদ্যোগের পরিকল্পনাগুলিকে উন্মোচিত করেছেন যা শিল্পকে শক্তিশালী করবে এবং আমাদের কৃষি, খাদ্য এবং বনদপ্তরে আরো প্রাণবন্ত ভবিষ্যৎ গড়ে তুলবে।

"নিউ ইয়র্কের কৃষি ভিত্তিক শিল্প আমাদের অর্থনীতি, আমাদের কমিউনিটি এবং আমাদের জীবন যাত্রার পদ্ধতির একটি অপরিহার্য অংশ," **বলেছেন গভর্নর হোকল।** "প্রায় এক শতাব্দীর মধ্যে আপস্টেট নিউ ইয়র্ক থেকে হওয়া প্রথম গভর্নর হিসেবে, এই সেক্টরটি যে কতটা গুরুত্বপূর্ণ তা আমি হাতে কলমে জানি। কৃষি এবং খাদ্য উৎপাদনের বৃদ্ধিতে সহায়তা করতে আমি অঙ্গীকারবদ্ধ এবং আমাদের কৃষকদের সহায়তাকারী নীতিমালা এবং বিনিয়োগগুলির ওপর আমি ফোকাস করা অবিরত রাখছি।"

গত বছর, গভর্নর হোকল শুধুমাত্র আমাদের কৃষিভিত্তিক শিল্পকে সুরক্ষিত করার জন্যই বহুবিধ উদ্যোগ কার্যকর করেন নি, সেইসাথে আমাদের স্থানীয় খাদ্য ব্যবস্থাকে সুরক্ষিত করে এটিকে

উন্নত এবং সমৃদ্ধ করতেও সহায়তা করেছেন। স্বাস্থ্য, পরিবেশ, শ্রম এবং শিক্ষা জুড়ে শিল্পকে আরো শক্তিশালী, আরো পুনরুজ্জীবিত এবং ভবিষ্যৎ হুমকিগুলির বিরুদ্ধে অতিসক্রিয় হয়ে উঠতে 2024 স্টেট অফ দ্যা স্টেট একটি পরিকল্পনা তৈরি করে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি আরো শক্তিশালী, আরো প্রাণবন্ত ভবিষ্যৎ গড়ে তোলার জন্য আমাদের কৃষক এবং কৃষক সম্প্রদায়কে সমর্থন করা অপরিহার্য। যেহেতু আমরা নতুন বছরে পদার্পন করেছি, আমরা আমাদের খাস্য ব্যবস্থার ঘাটতি পূরণ, আমরা যে সমস্ত প্রাকৃতিক সম্পদের ওপর নির্ভর করি সেগুলি রক্ষা করা এবং ভবিষ্যৎ নেতাদের একটি শক্তিশালী প্রজন্ম গড়ে তোলার জন্য আমরা সত্যিই আমাদের কাজের দ্বিগুণ করেছি। এই কাজকে সামনে এগিয়ে নেওয়ার জন্য এবং সাহসী উদ্যোগগুলো, যেগুলির একটি সতিকারের প্রভাব থাকবে, নিউ ইয়র্ক এখন যেমন আছে তাকে তার থেকে আরো ভালো অবস্থায় নিয়ে যাওয়ার জন্য ভিত্তি স্থাপন করবে, সেগুলির প্রস্তাব করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

<u>নিউ ইয়র্কের দুগ্ধ শিল্পকে শক্তিশালী করে তোলা</u>

2024 স্টেট অফ দ্যা স্টেট এর অংশ হিসেবে, ফার্মে তরল দুধের সংরক্ষণ প্রযুক্তি এবং তীব্র শীতকালীন আবহাওয়ার সময়কালে পরিবহন ব্যবস্থা এবং রাস্তা বন্ধের সমস্যা দূরীকরণের জন্য, প্রক্রিয়াকরণ পরিকাঠামোর জন্য গভর্নর হোকল দুই বছর ধরে মূলধনী তহবিলে 34 মিলিয়ন মার্কিন ডলার এর প্রস্তাব করেন, যা কার্যকর ভাবে দুগ্ধ সরবরাহ শৃঙ্খলকে আরো উন্নত করবে এবং আপৎকালীন পরিস্থিতিতে কাঁচা দুধ ডাম্প করা এড়াবে।

স্টেট তার কৃষকদের জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি দুরীভূত করতে এবং তাদের গ্রিনহাউজ গ্যাসগুলির নিষ্ক্রমণ হ্রাস করতেও বদ্ধপরিকর, যা পুষ্টি ব্যবস্থাপনা এবং পানির গুণমানের লক্ষ্যগুলির জন্যও একটি গুরুত্বপূর্ণ উপাদান। একটি নতুন বিকল্প বর্জ্য ব্যবস্থাপনা (Alternative Waste Management) এবং উন্নত উপযুক্ত খাদ্য সরবরাহ কর্মসূচির (Enhanced Precision Feed Program) জন্য গভর্নর হোকল 21 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করবেন যা কৃষি সংক্রান্ত গ্রিনহাউজ গ্যাসগুলির নিষ্ক্রমণ আরো কম করবে, কার্বন আলাদা করার সুবিধাগুলি প্রদান করবে এবং কৃষকদের অপূর্ণ চাহিদাগুলি পূরণ করতে সহায়তা করবে।

পেশাদার সক্ষমতা গড়ে তুলতে গভর্নর হোকল ইষ্টার্ন ফিঙ্গার লেকস ভূমি এবং পানি সংরক্ষণ ডিস্ট্রিক্ট জোট (Eastern Finger Lakes Coalition of Soil and Water Conservation Districts) এবং সব ধরনের খামারে কৃষি নির্ভর এবং সহনীশিলতা-সম্পর্কিত প্রকল্পগুলিকে ত্বরান্বিত করবে। এটি কৃষকদের জন্য আবৃতকারী ফসলগুলিতে আরো বিনিয়োগ করতে সহায়তা করবে, পানি বেরিয়ে যাওয়া কমাতে কালভার্টগুলি উন্নত করা এবং ভূমির স্বাস্থ্য উন্নতি এবং অঞ্চলে পানির গুণমান খারাপ হয়ে যাওয়া কমাতে অন্যান্য বিনিয়োগগুলিকে সমর্থন করবে।

<u>আমাদের কৃষি নির্ভর কর্মীবলের জন্য ওয়ান-স্টপ শপ</u>

যেহেতু কৃষি নির্ভর নিয়োগকর্তা এবং কর্মচারীরা একটি পরিবর্তনশীল কাজের ভূদৃশ্যে নেভিগেট করেন, গভর্নর হোকলের 2024 স্টেট অফ দ্যা স্টেট সরঞ্জামগুলির একটি পূর্ণ গুচ্ছ প্রস্তাব করে, যার মধ্যে রয়েছে প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য সময় বরাদ্দ করা, তথ্য বিনিময়ের জন্য

ওয়েবিনার, প্রশ্নগুলি গ্রহণ করা এবং তথ্য উপস্থাপনা করার জন্য একটি ওয়েব পেজ, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Frequently Asked Questions, FAQs), হটলাইন তথ্য এবং কর্নেল ইউনিভার্সিটির কৃষি নির্ভর কর্মীবল উন্নয়ন কর্মসূচির (Cornell University's Agricultural Workforce Development Program) দ্বারা সৃষ্ট ও পরিচালিত অতিরিক্ত সংস্থানসমূহ। এই প্রয়াসটি নিউইয়র্ক স্টেট শ্রম দপ্তর (Department of Labor), নিউ ইয়র্ক স্টেট সরকারি কর্মচারী সম্পর্ক পরিষদ (New York State Public Employee Relations Board) এবং নিউ ইয়র্ক স্টেট কৃষি এবং বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets) দ্বারা সমর্থিত হবে।

একটি ওয়ান হেলথ পন্থার প্রচার

একটি সহযোগিতামূলক ওয়ান হেলথ পন্থা, রোগ নির্ণয় এবং প্রতিরোধ, খাদ্য সুরক্ষা শিক্ষা এবং পশুচিকিৎসা পরিচর্যা সর্বাধিক কাম্য করার মতো কার্যকলাপগুলির মাধ্যমে মানুষ-জীবজন্তু-পরিবেশ ইন্টারফেসে হুমকিগুলি হ্রাস করতে পারবে। নিউ ইয়র্ককে আন্ত-সেক্টর জনস্বাস্থ্য এবং জীবজন্তুর স্বাস্থ্যের হুমকিগুলি নিয়ন্ত্রণে সামনের সারিতে রাখার জন্য, গভর্নর হোকল একটি প্রকল্প এবং কর্মসূচিগুলির একটি বৈচিত্র্যময় প্যাকেজ নিয়ে এসেছেন, যার মধ্যে রয়েছে কর্নেল ইউনিভার্সিটির কলেজ অফ ভেটেরনারি মেডিসিন (Cornell University's College of Veterinary Medicine) এবং SUNY ক্যাম্পাসগুলির মধ্যে একটি সহযোগিতামূলক ভেটেরনারি ওয়ার্কফোর্স প্রোগ্রাম; নিউ ইয়র্ক স্টেট ভেটেরনারি ডায়গোনস্টিক ল্যাবরেটরি উপদেষ্টা পরিষদ এর সাথে আরো বেশি অংশগ্রহণ; ন্যায্য পশুচিকিৎসা সংক্রান্ত কারণ ছাড়া অন্য কারণে জাইলাজিন ব্যবহার করা প্রতিরোধ করতে একটি ভেটেরনারি জাইলাজিন ডাইভারসন এডুকেশন প্রোগ্রাম (Veterinary Xylazine Diversion Education Program); নিউ ইয়র্ক সেন্টার ফর এগ্রিকালচারাল মেডিসিন অ্যান্ড হেলথ এর কর্ম পরিচালনার বাজেটকে সমর্থন করতে একটি বরাদ্দকৃত 1 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি; বিদ্যমান খামার-স্থিত জীবজন্তুর স্বাস্থ্য পরীক্ষা কর্মসূচির জন্য ব্যয়পূরণ এবং ফি কাঠামোর সামঞ্জস্যবিধান এবং একটি নতুন জীবজন্তুর স্বাস্থ্য পরীক্ষা কর্মসূচি তৈরি; একটি গ্রুপ গ্যাপ (Group GAP) খাদ্য সুরক্ষা সার্টিফিকেশন প্রশিক্ষণ কর্মসূচি স্থাপন; এবং একটি কমিউনিটি গার্ডেনস ল্যান্ড অ্যাক্সেস টুলকিট গড়ে তোলা।

ইয়ুথ এগ্রিকালচারাল লিডারশীপ এবং শিক্ষার সুযোগসমূহ বৃদ্ধি করা

2023 স্টেট অফ দ্যা স্টেট কৃষি নির্ভর কর্মীবল উদ্যোগের ওপর ভিত্তি করে নির্মিত, গভর্নর হোকল – কর্নেল ইউনিভার্সিটি কলেজ অফ এগ্রিকালচার (Cornell University College of Agriculture) এবং লাইফ সায়েন্স নিউ ইয়র্ক এগ্রিকালচার এডুকেশন ও আউটরিচ প্রোগ্রাম (Life Sciences New York Agriculture Education & Outreach Program) এর সাথে অংশীদারীত্বে – যুব কৃষি নির্ভর সংগঠনের মধ্যে আরো সহযোগিতাকে সমর্থন করতে এবং শিল্পের ভবিষ্যৎ কর্মীবলের প্রয়োজনীয়তা প্রতিফলনকারী কৃষি এবং খাদ্য সেক্টরের সাথে যুবাদের জড়িত হওয়ার কর্মসূচি নির্ভর সুযোগগুলিকে শনাক্ত করতে, নিউ ইয়র্কের প্রথম সহযোগিতামূলক যুব এগ্রিকালচারাল লিডারশীপ কনফারেন্সের আয়োজন করবেন।

আমাদের কাউন্টির মেলাগুলির প্রচারকে আরো শক্তিশালী করে তুলতে, যা কম বয়সী লোকজনের জন্য কৃষি সংক্রান্ত শিক্ষার একটি ভিত্তি হিসেবে কাজ করবে, গভর্নর হোকল কাউন্টি ফেয়ার পাসপোর্ট প্রোগ্রামও (County Fair Passport Program) লঞ্চ করবেন। কৃষি এবং

বাজার দপ্তর (The Department of Agriculture and Markets) একটি কৃষি ভিত্তিক মেলা পাসপোর্ট বুকলেট বিতরণ করবে যা মেলায় গমনকারীদের তাদের ভিজিট করা প্রতিটি মেলা থেকে স্ট্যাম্প সংগ্রহ করার সুযোগ দিয়ে স্টেটের কাউন্টি এবং যুব মেলাগুলিতে উপস্থিত থাকতে উৎসাহিত করবে। পরিবহনে বাধাগুলি মেলার উপস্থিতিতে বিঘ্ন সৃষ্টি করতে পারে, একথা মাথায় রেখে, মেলাগুলিকে সমর্থন করতে শিশুদের জন্য যাতায়াতের বন্দোবস্ত করার জন্য গভর্নর হোকল একটি উদ্যোগও লঞ্চ করবেন।

নিউ ইয়র্কের জৈবঅর্থনীতির বিকাশ করা

গভর্নর হোকল একটি প্রগতিশীল জৈবঅর্থনীতির বিকাশের আলোচ্য বিষয়ও সেট করবেন যা কৃষি নির্ভর এবং বনায়ন খাতের মধ্যে জৈবউৎপাদনের বিকাশের জন্য বিদ্যমান সুযোগগুলিকে কাজে লাগাবে। নিউ ইয়র্ক স্টেটের অর্থায়ন করা নির্মাণ ও পরিকাঠামো প্রকল্পগুলিতে বনজ সম্পদ এবং উচ্চ-মূল্যের বৃহৎ কাঠের গুড়ির ডিজাইনের ব্যবহার বাড়াবে এবং আসন্ন ইউনিফর্ম কোড (Uniform Code) আপডেট এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে নতুন নির্মাণে বৃহৎ কাঠের গুড়ির ব্যবহার সম্প্রসারিত করবে। গভর্নর হোকল, ইন্ড্রাস্ট্রিয়াল হেম্পের সাথে উৎপাদিত, জৈব নির্ভর পণ্যগুলির বাণিজ্যকরণ উন্নত করতেও মূলধনী তহবিলে 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবেন এবং কর্নেল ইউনিভার্সিটির সমন্বিত কীটপতঙ্গ ব্যবস্থাপনা কর্মসূচির (Cornell University’s Integrated Pest Management Program) মাধ্যমে সমন্বিত কীটপতঙ্গ ব্যবস্থাপনার সমাধানে অ্যাক্সেস এবং গ্রহণকে আরো শক্তিশালী করতে 2.25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবেন। এই বিনিয়োগগুলি নিউ ইয়র্কের পণ্যগুলির জন্য নতুন বাজার তৈরি করার সুযোগ করে দেবে এবং আমাদের বাড়তে থাকা জৈবঅর্থনীতিতে ব্যবহারযোগ্য পণ্য এবং উপকরণগুলিতে জৈব পদার্থের দীর্ঘস্থায়ী বৃদ্ধি রক্ষা করবে।

একটি জলজাত খাদ্য রূপান্তর শুরু করা

নিউ ইয়র্কের জলজ শিল্পকে পুনরুজ্জীবিত করতে, গভর্নর হোকল সামুদ্রিক কৃষিকে উজ্জীবিত করতে, একটি স্বাস্থ্যকর প্রাকৃতিক পরিবেশ প্রচার করতে এবং নিউ ইয়র্কবাসীদের স্থানীয় ভাবে উৎপন্ন সামাদ্রিক খাদ্যের একটি পুষ্টিকর উৎস প্রদান করতে নিউ ইয়র্কের জলজাত খাদ্য রূপান্তর (New York’s Blue Food Transformation) উদ্যোগ চালু করবেন। কৃষকদের ব্যবসা বৃদ্ধির জন্য, সমুদ্র বন্দরের জায়গা, প্রক্রিয়াকরণ যন্ত্রপাতি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পরিকাঠামোতে তাদের বিনিয়োগ করার জন্য, গভর্নর হোকল মূলধনী তহবিলে 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবেন। কৃষি ও বাজার দপ্তর (Department of Agriculture and Markets), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং সামুদ্রিক খাদ্যের উৎপাদন ও বিপণনে জড়িত থাকা অন্যান্য এজেন্সিগুলিকেও তিনি জলজ কৃষির লাইসেন্সিং, খাদ্য সুরক্ষা এবং অর্থনৈতিক উন্নয়ন ব্যবস্থায় প্রভাব থাকা স্টেটের নীতি এবং কর্মসূচিগুলির মূল্যায়ন এবং সেগুলিকে সমন্বিত করার এবং শিল্পের উন্নতির জন্য উপায়গুলি ভেবে দেখার নির্দেশ দিয়েছেন। এটি লং আইল্যান্ডে নিউ ইয়র্কের সর্বপ্রথম সিফুড কুজিন ট্রেল গড়ে তুলতে কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন এর সাথে সমন্বয়সাধনকেও অন্তর্ভুক্ত করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418